

র‍্যাগিংয়ের মাধ্যমে অপরাধ শাস্তিযোগ্য

নিজস্ব প্রতিবেদক

১৭ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৬ অক্টোবর ২০১৯ ২০:৫৫



শিক্ষার্থীদের উদ্দেশে আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, র‍্যাগিংয়ের শিকার হলে নালিশ করুন। নালিশ করলে প্রচলিত আইনে বিচার হবে। তিনি বলেন, র‍্যাগিংয়ের মাধ্যমে কোনো অপরাধ হলে তা পেনাল কোড অনুযায়ী শাস্তিযোগ্য। গতকাল বিকালে সচিবালয়ে ইউরোপিয়ান ইউনিয়নের একটি প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকের পর

সাংবাদিকদের প্রশ্নে তিনি এসব কথা বলেন।

আবরার ফাহাদ হত্যা মামলা প্রসঙ্গে আইনমন্ত্রী বলেন, আবরার হত্যা মামলার অভিযোগপত্র পাওয়ামাত্রই তা দ্রুত নিষ্পত্তির সব ব্যবস্থা নেওয়া হবে। মামলা পরিচালনার জন্য পৃথক প্রসিকিউশন টিম গঠন করা হবে বলেও জানান তিনি। মন্ত্রী বলেন, ইতোমধ্যে আবরার হত্যা মামলার তদন্তকাজ শুরু হয়েছে। আসামিদের মধ্যে অনেকেই ধৃত এবং তারা অনেকেই ম্যাজিস্ট্রেটের কাছে হত্যাকা- বিষয়ে স্বীকারোক্তিমূলক বক্তব্য পেশ করেছে। তার মানে তদন্ত চলছে। তদন্ত শেষ হলে কিছু দিনের মধ্যেই অভিযোগপত্র দেওয়া হবে।

আনিসুল হক বলেন, অভিযোগপত্র পাওয়ার সঙ্গে সঙ্গেই দায়িত্ব বর্তাবে আদালতের ও প্রসিকিউশন সার্ভিসের ওপর। এ দায়িত্ব কার ওপর ন্যস্ত করা হবে, এ দায়িত্ব কে পালন করবে এবং কাকে দিয়ে এ মামলা পরিচালনা করলে ভালো হবে, সে ব্যাপারে আইন মন্ত্রণালয় কাজ করছে। মন্ত্রী বলেন, এ মামলা পরিচালনার বিষয়ে একটি প্রসিকিউশন টিম তৈরি করে দেওয়া হবে।

advertisement